কেন্দ্রীয় লাইব্রেরি
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং- চুয়েট/লাইঃ/ বিঃ-৪৩/১২ তারিখঃ-২৫/০৭/২০২৩ খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ **থিসিস কার্যক্রমে কপিরাইট ঘোষণাপত্র সংযোজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিল কর্তৃক সাময়ীক ভাবে অনুমোদিত **"Promotion of academic integrity and prevention of plagiarism**–শীর্ষক নীতিমালায় বর্ণিত ধারা ৬-এর ২(ছ) উপধারা মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ে সম্পন্ন হওয়া গবেষণা লব্ধ থিসিস কেন্দ্রীয় লাইব্রেরিতে জমাদানে সংশ্লিষ্ট থিসিস-এর সাথে বিশ্ববিদ্যলয়ের **Institutional Repository**-তে প্রদর্শন ও অন্যান্য গবেষণা কার্যক্রমে ব্যবহারের লক্ষ্যে কপিরাইট হস্তান্তর সংক্রান্ত একটি ঘোষণা পত্র সংযোজনের বিধান রাখা হয়েছে। সে মোতাবেক উক্ত ঘোষণা পত্র সংযোজন পূর্বক থিসিস জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একটি ঘোষণা পত্র এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, প্রয়োজনে ঘোষণা পত্রটি কেন্দ্রীয় লাইব্রেরির OPAC ও CUET ওয়েব সাইট হতে Download করা যাবে।

সংযুক্তি-বর্ণনা মোতাবেক।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

২৫.০৭.২০২৩

লাইব্রেরিয়ান
কেন্দ্রীয় লাইব্রেরি
চুয়েট-৪৩৪৯।

স্মারক নং- চুয়েট/লাইঃ/বিঃ-৪৩/১২ তারিখঃ-২৫/০৭/২০২৩ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/চেয়ারম্যান/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে-এ Upload করার অনুরোধ সহকারে)।
৩। উপ-পরিচালক (জনসংযোগ), ভিসি দপ্তর (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৪। পিও টু রেজিস্ট্রার, চুয়েট।
৫। সংরক্ষণ নথি।

২৫।০৭।২৩

ডেপুটি লাইব্রেরিয়ান
কেন্দ্রীয় লাইব্রেরি
চুয়েট-৪৩৪৯।

# Copyright Declaration

I hereby declare that I am the sole author of the thesis titled "-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------". Along with this, submitted a softcopy is true copy of my final hardcopy thesis including any required final revisions, as accepted by the board of examination.

I hereby release my copyright to **Chittagong University of Engineering and Technology (CUET)** for uploading the electronic version of the same to the **'Digital Repository (Institutional Repository)'** of **CUET** after one year from the day of submission. Apart from this, the existing or to be approved **Open Education Resources (OER)** policies and procedures of **Chittagong University of Engineering and Technology (CUET)** shall be applicable to this research work.

I also acknowledge my sincere delivering of copyright to Chittagong University of engineering and Technology (CUET) to reproduce this thesis by reprography or by other means, in total or by part at the necessity of individuals for the purpose of scholarly research.

..........................................

Signature of the Author

খ) উপরে (ক) এ সংজ্ঞায়িত প্রক্রিয়াটি গবেষণা কাজে শিক্ষার্থীদের সকলের জন্য অ্যাক্সেসযোগ্য করা প্রয়োজন। এলক্ষে চুয়েট এ বর্তমান কর্মরত সকল শিক্ষক যারা স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের থিসিস সুপারভিশন করবেন তাদের নিজস্ব Plagiarism checking software এর আলাদা আলাদা Instructor Account প্রদান করা প্রয়োজন।

গ) শিক্ষার্থীরা থিসিস, গবেষণাপত্র বা এ জাতীয় অন্য কোনও নথি বিভাগ/ইনস্টিটিউট/সেন্টার-এ জমাকরনের পূর্বে এই মর্মে ঘোষণা প্রদান করবে যে, উক্ত ডকুমেন্টটি তার নিজের লেখা মৌলিক কাজ এবং তা Plagiarism মুক্ত। তত্ত্বাবধায়ক এই মর্মে প্রত্যয়ন করবে যে ডকুমেন্টটি চুয়েট অনুমোদিত Plagiarism সনাক্তকরন পদ্ধতি দ্বারা যথাযথভাবে যাচাই করা হয়েছে।

ঙ) বিশ্ববিদ্যালয়ের প্রণীত এই নীতিমালা যথাযথ কর্তৃপক্ষ (Academic council, Syndicate) দ্বারা অনুমোদিত হবার পর ওয়েবসাইটের হোমপেজে (Academic Integrity নামক ট্যাব আকারে) স্থাপন করা হবে এবং সকল শিক্ষার্থীকে ই-মেইল এর মাধ্যমে প্রেরন করা হবে।

চ) প্রত্যেক গবেষনার/ডিগ্রী সুপারভাইজার চূড়ান্ত রিপোর্টের সাথে একটি ডকুমেন্ট দাখিল করবেন যা নির্দেশ করে যে গবেষক তার অধীনে কাজটি করেছেন এবং তা Plagiarism মুক্ত।

ছ) বিশ্ববিদ্যালয় তার কেন্দ্রীয় লাইব্রেরীর তত্ত্বাবধানে একটি ইনস্টিটিউশনাল ডিজিটাল রিপোজিটরি তৈরি করবে যাতে গবেষণাপত্র / থিসিস / ডকুমেন্ট /প্রকাশনা এবং অন্যান্য অভ্যন্তরীণ প্রকাশনা সংরক্ষিত থাকবে। যেকোন প্রকার থিসিস/ডিজারটেশন সম্পন্ন হবার পরবর্তী ১ মাসের মধ্যে তার pdf কপি কেন্দ্রীয় লাইব্রেরী তে জমা প্রদান পূর্বক শিক্ষার্থী/গবেষক সনদ/ছাড়পত্র পাবেন। সাধারনভাবে উক্ত থিসিস/ডিজারটেশন এর pdf কপি জমা প্রদানের দিন হতে ১ বছর পর ইনস্টিটিউশনাল ডিজিটাল রিপোজিটরিতে আপলোড করা হবে। এবং তার জন্য লেখক কপিরাইট একইসাথে আগেই বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করবেন। প্যাটেন্ট বা প্রকাশনার বিশেষ প্রয়োজন হলে আবেদন করে উক্ত সময় সর্বোচ্চ ২ বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

## ৭। Plagiarism মুক্ত হবার জন্য similarity পরীক্ষা করা:

Plagiarism মুক্ত হবার জন্য similarity পরীক্ষা নিম্নলিখিতগুলি বাদ দেবে:

ক) সমস্ত উদ্ধৃত (quoted) লেখা যা প্রয়োজনীয় অনুমতি এবং/অথবা অ্যাট্রিবিউশন সহ পুনরুৎপাদন করা হয়েছে;

খ) সমস্ত রেফারেন্স, গ্রন্থপঞ্জি, বিষয়বস্তুর সারণি (ToC), ভূমিকা (preface) এবং স্বীকৃতি (acknowledgement);

গ) সমস্ত সাধারন পদ (generic terms), আইন, স্ট্যান্ডার্ড চিহ্ন এবং স্ট্যান্ডার্ড সমীকরন।

ঘ) থিসিসের কাজ হতে শিক্ষার্থী কর্তৃক প্রকাশিত গবেষণাপত্র এর অংশ similarity রিপোর্ট থেকে বাদ যাবে । যেসকল গবেষণাপত্র ইতোমধ্যে জার্নাল কর্তৃক চূড়ান্তভাবে গৃহীত হয়েছে তার অংশও একইভাবে কার্যকর করতে হবে।

বিঃদ্রঃ *শিক্ষার্থী, শিক্ষক, গবেষক এবং গবেষনা কর্মীদের দ্বারা পরিচালিত গবেষণা কাজ মূল ধারণার উপর ভিত্তি করে হবে, যার বিমূর্ত (abstract), সারাংশ (summary), অনুমান (hypothesis), পর্যবেক্ষণ (observations), ফলাফল (results), উপসংহার (conclusions) এবং সুপারিশ (recommendations) এ কোন মিল (similarity) থাকবে না। তবে মিল (similarity) এর ক্ষেত্রে পরপর আট শব্দ পর্যন্ত সাধারণ জ্ঞান বা কাকতালীয়ভাবে মিল পদকে বাদ দেওয়া হবে ।*

## ৮। Plagiarism এর স্তর:

Plagiarism এর স্তরবিন্যাস নিম্নোক্তভাবে ক্রমানুসারে সংজ্ঞায়িত করা হলো:

ক) লেভেল ০: similarity ২০% পর্যন্ত;

খ) লেভেল ১: similarity ২১% থেকে ৪০% পর্যন্ত;

গ) লেভেল ২: similarity ৪১% থেকে ৬০% পর্যন্ত; এবং

ঘ) লেভেল ৩: similarity ৬০% এর অধিক।

## ৯। সনাক্তকরণ, প্রতিবেদন ও পরবর্তী ব্যবস্থা:

অত্র বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষার্থীর বিরুদ্ধে যদি Plagiarism এর কোন অভিযোগ আসে তাহলে অভিযোগকারী সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/সেন্টার এর academic integrity কমিটি (DAIC) বরাবর লিখিতভাবে জানাবেন। অভিযোগ পাওয়ার পর DAIC এ বিষয়ে তদন্ত করবেন এবং তদন্তের ফলাফল সুপারিশসহ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল academic integrity কমিটি (IAIC) বরাবর প্রেরণ করবেন। DAIC এর প্রতিবেদন পাবার পর বিশ্ববিদ্যালয়ের IAIC অভিযুক্তের বিরুদ্ধে প্রয়োজনে সাময়িক ব্যবস্থা নিতে সুপারিশ করতে পারবেন। একই সাথে এই কমিটি প্রয়োজন মনে করলে বিভাগীয় কমিটির অনুরূপ আরো একটি তদন্তের ব্যবস্থা করতে পারবেন।